দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 FEB 2009
পৃষ্ঠা ১৬ কলাম ১

# জাতীয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি নিয়োগ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সোমবার জাতীয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি নিয়োগ দেয়া হয়েছে। অধ্যাপক ড. মোফাখখারুল ইসলামকে অব্যাহতি দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক কাজী শহীদুল্লাহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হিসাবে নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া ড. আবু হোসেন সিদ্দিককে অব্যাহতি দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগের অধ্যাপক ড. মেজবাহ উদ্দিন আহমেদকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসাবে নিয়োগ করা (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## জাতীয় ও জগন্নাথ

(১৬ পৃঃ পর)

হয়েছে। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও প্রধানমন্ত্রী চার বছরের জন্য তাদের এ নিয়োগ দেন।

গত সপ্তাহে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসির পদ থেকে অব্যাহতি চেয়ে অধ্যাপক ড. মো: মোফাখখারুল ইসলাম চ্যান্সেলরের কাছে আবেদন করেন। সূত্র জানায়, চলতি সপ্তাহে আরো কয়েকটি বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি নিয়োগ দেয়া হবে। ৬ জন ভিসিকে সরিয়ে নতুন ভিসি নিয়োগ দেয়ার জন্য গত সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয় থেকে চ্যান্সেলর এবং প্রধানমন্ত্রীর কাছে সুপারিশ পাঠানো হয়েছিল। সে সুপারিশের আলোকে নতুন ভিসি নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে বলে সূত্র জানায়।